

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬২

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ ঐ হাদীসের বর্ণনা, যে হাদীস প্রমাণ করে যে, উল্লেখিত হাদীসের শব্দ আম তথা ব্যাপক কিন্তু উদ্দেশ্য খাস তথা নির্দিষ্ট; হাদীস দ্বারা উদ্দেশ্য কিছু লোক, সব লোক নয়

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ هَذَا الْخَطَّابَ مَخْرَجُهُ مَخْرَجُ الْعُمُومِ وَالْقَصِدُ فِيهِ الْخُصُوصُ أَرَادَ بِهِ بَعْضَ النَّاسِ لَا الْكُلَّ

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ الطَّائِيُّ بِمَنْبَجَ أَنْبَأَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحِ عَنْ أَبِيهِ

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ضَافَهُ ضَيْفٌ كَافِرٌ فَأَمَرَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِشَاةٍ فَشَرِبَ حِلَابَهَا ثُمَّ أُخْرَى فَشَرِبَ حِلَابَهَا حَتَّى شَرِبَ حِلَابَهَا ثُمَّ أُخْرَى فَشَرِبَ حِلَابَهَا حَتَّى شَرِبَ حِلَابَ سَبْعِ شِيَاهٍ ثُمَّ إِنَّهُ أَصْبَحَ فَأَسْلَمَ فَأَمْرَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِشَاةٍ فَحُلِبَتْ فَشَرِبَ حِلَابَهَا ثُمَّ أَمَرَ لَهُ بِأُخْرَى فَلَمْ يَسْتَتِمَّهَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ الْمَوْمُ مِنَ يَشْرَبُ فِي مِعًى وَاحِدٍ وَالْكَافِرَ يَشْرَبُ فِي سَبِعة أَمِعاء".

الراوي: أَبُوْ هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: صحيح ابن حبان

الصفحة أو الرقم: 162 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৬২. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বাসায় একজন কাফির ব্যক্তি মেহমান হলো। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার জন্য একটি ছাগীর দুধ দোহন করার নির্দেশ দিলেন। অতঃপর সে তার দুধ পান করলো। তারপর তার জন্য আরেকটি ছাগীর দুধ দোহন করার নির্দেশ দিলেন। সে সেটারও দুধ পান করলো। এভাবে সে সাতটি ছাগীর দুধ পান করলো। তার পরদিন সকালে সে ব্যক্তি মুসলিম হয়ে গেলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার জন্য একটি ছাগীর দুধ দোহন করার নির্দেশ দিলেন। দুধ দোহন করা হলো। অতঃপর তিনি তার দুধ পান করলেন। তারপর তাঁর



জন্য আরেকটি ছাগীর দুধ দোহন করার নির্দেশ দিলেন। কিন্তু তিনি সেই দুধ পান করে শেষ করতে পারলেন না। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'নিশ্চয়ই মুসলিম ব্যক্তি এক পেটে আহার করে আর কাফির ব্যক্তি সাত পেটে আহার করে।'[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২০৬৩; মুয়ান্তা ইমাম মালিক: ৩/১০৯; মুসনাদ আহমাদ: ২/৩৭৫; তিরমিযী: ১৮১৯; নাসাঈ: ৯/৪১৬; তাহাবী, মুশকিলুল আসার: ২/৪০৮-৪০৯; ইমাম বাগাবী, শারহুস সুন্নাহ: ২৮৮০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৩/১২২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন